ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মিঠামইন, কিশোরগঞ্জ।
(www.fpo.mithamoin.kishoreganj.gov.bd)

স্মারক নং-৫৯.১১.৪৮৫৯.০০০.১১.০০০.২৩-১৩৪ তারিখ ঃ ১৬/০৫/২০২৩ খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী প্রোগ্রাম (সিসিএসডিপি), কাওরান বাজার, ঢাকা এর স্মারক নং-পপঅ/সিসিএসডিপি/PPV-নিয়োগ-৪৮২/২০২১-২২/৩২১৭, তারিখঃ ২৫/০৪/২০২৩ খ্রিঃ মোতাবেক স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি (LARC&PM) কার্যক্রমে গতিশীলতা এবং মা ও শিশু স্বাস্থ্য সেবার মান উন্নয়নের লক্ষ্যে মিঠামইন উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের Peer Activities কার্যক্রমে ওয়ার্ড/ইউনিট ভিত্তিক **"কাজ নাই, ভাতা নাই"** ভিত্তিতে **"Paid Peer Volunteer"** নিয়োগের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নের উল্লেখিত গ্রামের স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নির্ধারিত ছকে আগ্রহী প্রার্থীদের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| পদের নাম ও বেতন (সুবিধাদি) | পদ সংখ্যা | ইউনিয়নের নাম ও পদ সংখ্যা | যেসকল এলাকার স্থায়ী বাসিন্দার প্রার্থীগণ আবেদন করতে পারবেন (উল্লেখিত গ্রাম থেকে আবেদন করতে হবে) | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| **Paid Peer Volunteer** (স্বেচ্ছাসেবী)<br><br>ভাতা ঃ দৈনিক যাতায়াত ভাতা বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও নাস্তা বাবদ ১০০/- (একশত) টাকা। | ০৯ | গোপদিঘী-০২ | বাজার হাটি, পাথার হাটি, নাথ হাটি, কাচারী পাড়া, সিংপুর হাটি, তেলী হাটি | নূন্যতম এসএসসি পাশ |
| | | | মুশুরিয়া, চাঁনপুর, নতুন চাঁনপুর, গোপালপুর | |
| | | মিঠামইন-০২ | উরিয়ন্দ, বেড়িবাঁধ (ব্রিজের পূর্ব অংশ) | |
| | | | বোরনপুর, নবাবপুর, কাজীপাড়া, খিলাপাড়া, গুচ্ছগ্রাম | |
| | | ঢাকী -০১ | গোবিন্দপুর, সোনাপুর, বড়কান্দা, সাবাসপুর, ছিলিমপুর, বনোয়াকান্দি | |
| | | কেওয়ারজোর-০২ | দক্ষিণ কেওয়ারজোর, তেলিখাই, কাজীর খলা | |
| | | | কাঞ্চনপুর, রহমতপুর | |
| | | কাটখাল-০২ | কাটখাল, শান্তিপুর | |
| | | | বিশোরীকোনা, নয়াহাটি, দিল্লীর আখড়া | |

শর্তাবলী ঃ

১. ১৬/০৫/২০২৩ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি বিধান কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩. প্রার্থীর যোগ্যতা যাচাইঃ
(ক) প্রার্থীগণকে বিজ্ঞাপনে উল্লেখিত কর্ম এলাকার স্থায়ী বাসিন্দা এবং **শুধুমাত্র বিবাহিত মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।**
(খ) শারীরিক ও মানসিক ভাবে সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। চাকুরীতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত মেডিকেল সার্টিফিকেট নিজ ব্যবস্থাপনায় দাখিল করতে হবে।
(গ) সমাজ কল্যাণ মূলক কাজ করতে আগ্রহী হতে হবে।
(ঘ) স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ে পূর্ব অভিজ্ঞতা সমপন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে।
(ঙ) সন্তুষ্ট স্থায়ী ও দীর্ঘমেয়াদী পদ্ধতি (LARC&PM) গ্রহীতাদের অগ্রাধিকার প্রদান করা হবে।
(চ) **দুই সন্তানের অধিক সন্তান বিশিষ্ট দম্পতি অযোগ্য প্রার্থী হিসিবে বিবেচিত হবে।**
(ছ) মুক্তিযোদ্ধা পোষ্যদের সর্বোচ্চ অগ্রাধিকার দেয়া হবে।
(জ) ভবিষ্যতে তথ্যের গরমিল পাওয়া গেলে নিয়োগ বাতিল হিসেবে গণ্য হবে।
(ঝ) অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪. প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (নূন্যতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ১ (এক) সেট আবেদনপত্রের সাথে দাখিল করতে হবেঃ
(ক) প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত রঙিন ছবি।
(খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র।
(গ) প্রার্থী যে ইউনিয়নের স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।
(ঘ) ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(ঙ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি।
(চ) স্বামীর জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত অনুলিপি।
(ছ) অভিজ্ঞতার (সমাজকল্যাণ মূলক/চাকুরী) সত্যায়িত সনদপত্র (যদি থাকে)।
(জ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র-কন্যা ও পুত্র কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকা/প্রধানমন্ত্রীর স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
(ঝ) মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সংযুক্ত করতে হবে।

৫. ১০০ (একশত) নম্বরের মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

৬. নির্ধারিত আবেদনপত্র, প্রবেশপত্র ছক ও পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসার, মিঠামইন, কিশোরগঞ্জ এর ওয়েব পোর্টাল (www.mithamoin.kishoreganj.gov.bd)ও উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ (www.fpo.mithamoin.kishoreganj.gov.bd) তে পাওয়া যাবে। অস্পষ্ট, ত্রুটিপূর্ণ ও প্রার্থীর স্বাক্ষর বিহীন আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. আবেদনপত্র প্রেরণের খামের উপর নিজ ইউনিয়ন, গ্রাম ও বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।

৮. **Paid Peer Volunteer-দের যোগদানের সময় ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে নিম্নলিখিত বিষয় সমূহ উল্লেখ পূর্বক অঙ্গীকার নামা গ্রহণ করা হবে ঃ**

(ক) সংশ্লিষ্ট কর্মএলাকায় রাজস্বখাতে পরিবার কল্যাণ সহকারী পদে জনবল নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না।

(খ) "Paid Peer Volunteer" পদে দায়িত্ব পালনকালে স্থায়ীকরণ এবং জাতীয় বেতনস্কেলে অর্ন্তভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোন দাবী করবে না।

(গ) "Paid Peer Volunteer" পদে স্থায়ীকরণ এবং জাতীয় বেতনস্কেলে অর্ন্তভুক্তকরণ সংক্রান্ত বিষয়ে কোন প্রকার আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য আদালতের দ্বারস্ত হবে না।

(ঘ) **এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী, "কাজ নাই ভাতা নাই" ভিত্তিতে অপারেশনাল প্ল্যানের মেয়াদকাল (জুন/২০২৪) পর্যন্ত বলবৎ থাকবে।**

(ঙ) মেয়াদ শেষে স্বয়ংক্রিয়ভাবে উল্লিখিত নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

(চ) নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ভাতাদি সরকারী বিধি মোতাবেক সংশ্লিষ্ট উপজেলা হতে প্রদেয় হবে।

৯. অর্পিত দায়িত্ব পালন এবং কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করতে পারবে।

১০. প্রতি মাসে "Paid Peer Volunteer" গণের কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হবে। এক নাগাড়ে ০৩ (তিন) মাস অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিলের ব্যবস্থা নিবেন।

১১. স্বেচ্ছায় দায়িত্ব হতে অব্যাহতি নিতে চাইলে কর্তৃপক্ষকে কমপক্ষে ০১ (এক) মাস পূর্বে অবহিত করতে হবে।

১২. পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে সরবরাহকৃত পোষাক পরিধান করে কর্ম এলাকায় কাজ করতে হবে এবং কর্ম এলাকায় অবস্থান করতে হবে।

১৩. আবেদনপত্র মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) ও সদস্য সচিব Paid Peer Volunteer নিয়োগ ও বাছাই কমিটি, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মিঠামইন, কিশোরগঞ্জ বরাবর আগামী ২৫/০৫/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন (বিকাল ০৪.০০ ঘটিকা) সময়ের মধ্যে (ছুটির দিন ব্যতীত) সরাসরি/ডাকযোগে পৌছাইতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গৃহিত হবে না।

১৪. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন অথবা আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

Azad
16.05.23

(ডাঃ আজাদ হাসান)
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
ও
সদস্য সচিব
Paid Peer Volunteer নিয়োগ কমিটি/বাছাই কমিটি
মিঠামইন, কিশোরগঞ্জ।
(E-mail: ufpomithamoin@gmail.com)